

B.A. 4th Semester (General) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course: CC-ID/IID/GE-4

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) অপভাষা বলতে কী বোঝো?
- (খ) চারটি অর্ধ-তৎসম শব্দের উদাহরণ দাও।
- (গ) প্রাচীন বাংলা ভাষার নির্দশন পাওয়া যায় এমন দুটি গ্রন্থের নাম লেখো।
- (ঘ) আদর্শ কথ্যভাষা কাকে বলে?
- (ঙ) ঝাড়খণ্ডী উপভাষার ব্যবহার কোন কোন অঞ্চলে দেখা যায়?
- (চ) আদি-মধ্য যুগের বাংলা ভাষার কালসীমা নির্দেশ করো।
- (ছ) 'ফি-বছর', 'আলমারি'— কোন শ্রেণির শব্দ?
- (জ) তৎসম শব্দ কাকে বলে? উদাহরণ দাও।
- (ঝ) ফারসি ভাষা থেকে বাংলায় এসেছে এমন দুটি শব্দের উদাহরণ দাও।
- (ঞ) প্রাচীন যুগের বাংলা ভাষার কালসীমা নির্দেশ করো।
- (ট) 'সূর্য', 'ডাব', 'কলোজ', 'রেস্তোরাঁ'— শব্দগুলি বাংলা শব্দভাণ্ডারের কোন শ্রেণির অন্তর্গত?
- (ঠ) মিশ্রভাষা কাকে বলে? উদাহরণ দাও।
- (ড) বিদেশি শব্দ কাকে বলে? উদাহরণ দাও।
- (ঢ) সাধুভাষা থেকে চলিত ভাষায় রূপান্তরের ক্ষেত্রে সর্বনামপদ ও ক্রিয়াপদের সাধুরূপ ও চলিতরূপের দুটি করে উদাহরণ দাও।
- (ণ) অনূদিত ঋণ (translated loan) কী— দুটো উদাহরণ দিয়ে বোঝাও।

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৫=২০

- (ক) উপভাষা বলতে কী বোঝো? ভাষার সঙ্গে উপভাষার সম্পর্ক কীরূপ তা লেখো।
- (খ) সিদ্ধ তৎসম ও অসিদ্ধ তৎসম শব্দ সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দাও।
- (গ) প্রাচীন বাংলা ভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ উল্লেখ করো।
- (ঘ) বাংলা শব্দভাণ্ডারের তদ্ভব শব্দ সম্পর্কে টীকা লেখো।
- (ঙ) কামরূপী উপভাষার ভৌগোলিক এলাকা নির্দেশ করে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (চ) প্রাচীন ও অন্ত্যমধ্য বাংলা ভাষার পাঁচটি ভাষাতাত্ত্বিক পার্থক্য লেখো।

৩। যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) সাধু ও চলিত ভাষা বলতে কী বোঝো? এই দুই ভাষারীতির মধ্যে পার্থক্য নিরূপণ করো।
- (খ) অন্ত্যমধ্য বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- (গ) বঙ্গালী উপভাষার ভৌগোলিক এলাকা নির্দেশ করে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- (ঘ) শব্দভাণ্ডার কাকে বলে? বাংলা শব্দভাণ্ডার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।